
রাজাদের পতন
DANNY BULANADY '20

Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.


যিহোশাফটের ছেলে, যোরাম, যিহূদার রাজা হন।
তিনি আহাব ও ঈষেবলের মেয়ে, অথলিয়াকে বিয়ে করেছিলেন, এবং তাদের মতই - সদাপ্রভুর চোখে যা মন্দ তিনি তা-ই করতেন।
কিন্তু সদাপ্রভু নিজের দাস দায়ূদের কথা মনে করে যিহূদাকে ধ্বংস করতে চাইলেন না, কারণ তিনি দায়ূদ ও তাঁর বংশধরদের চিরকাল একটা প্রদীপ দেবেন বলে প্রতিজ্ঞা করেছিলেন।
যিহোরামের সংক্ষিপ্ত আট বছরের রাজত্বকালে, ইদোম যিহূদার বিরুদ্ধে বিদ্রোহ করে এবং বিচ্ছিন্ন হয়।
যিহোরাম ৪০ বছর বয়সে মারা যান এবং তার ছেলে অহসিয়, আর এক দুষ্ট রাজা, তার জায়গায় যিহূদার শাসক হন – কিন্তু তিনি শুধুমাত্র এক বছর শাসন করছিলেন।
ইস্রায়েলের রাজা যোরাম অরামীয়দের সাথে যুদ্ধে আঘাত পাবার পর, রাজা অহসিয় তাকে দেখতে যিষ্রিয়েলে যান।
২রাজাবলি ৮:১৬-২৯



দৌড়ে গিয়ে এই জলপাই তেলের শিশিটা নিয়ে রামোৎ-গিলিয়দে যাও।
যেহূর খোঁজ কর, তার কাছে গিয়ে তাকে তার সংগীদের কাছ থেকে সরিয়ে একটা ভিতরের কামরায় নিয়ে যাবে।
তার মাথায় তেল ঢেলে দিয়ে বলবে যে, "সদাপ্রভু বলছেন: ইস্রায়েলের রাজা হিসাবে আমি তোমাকে অভিষেক করলাম।"
তারপর দরজা খুলবে এবং দৌড় দেবে; দেরি করবে না!
হে সেনাপতি, আপনার জন্য একটা খবর নিয়ে এসেছি।
আমাদের মধ্যে সেই খবর কার জন্য?
সেনাপতি, আপনারই জন্য।
সদাপ্রভু এই কথা বলছেন: "সদাপ্রভুর লোকদের উপরে, অর্থাৎ ইস্রায়েলের উপরে রাজা হিসাবে আমি তোমাকে অভিষেক করলাম।"
"তোমার মনিব আহাবের বংশকে তুমি ধ্বংস করবে, ঈষেবল আমার দাসদের, অর্থাৎ নবীদের এবং সদাপ্রভুর অন্য সব দাসদের যে রক্তপাত করেছে তার প্রতিশোধ আমি নেব।"
"আহাবের বংশের সবাই ধ্বংস হবে।"
"আমি তার বংশকে যারবিয়ামের বংশের মত ও বাশার বংশের মত করব।"
"কুকুরেরা ঈষেবলকে যিষ্রিয়েল এলাকায় খেয়ে ফেলবে, তাকে কেউ কবর দেবে না।"
২রাজাবলি ৯:১-১০


সব কিছু ভাল তো – ঐ পাগলটা তোমার কাছে কেন এসেছিল?
তোমরা তো লোকটাকে চেন এবং সে কি ধরণের কথা বলে তা-ও তোমাদের জানা আছে।
আমাদের খুলে বল।
সে আমাকে বলল যে: "সদাপ্রভু বলেছেন: 'ইস্রায়েলের রাজা হিসাবে আমি তোমাকে অভিষেক করছি।'"
যেহূই রাজা!
রাজা যেহূ দীর্ঘজীবী হন!
আপনারা যদি আমার পক্ষে থাকেন তবে দেখবেন খবরটা যিষ্রিয়েলে দেবার জন্য যেন কোন লোক শহর থেকে বেরিয়ে না যায়।
আমি এখন সেখানে যাই।


আমি একদল সৈন্য আসতে দেখছি।
একজন ঘোড়সওয়ারকে; আসবার উদ্দেশ্য ভাল কিনা তা জানার জন্য তাদের কাছে পাঠিয়ে দাও।
রাজা বলছেন: "আপনাদের আসবার উদ্দেশ্য ভাল তো?"
আমার আসবার উদ্দেশ্য দিয়ে তোমার দরকার কি? তুমি আমার পিছনে পিছনে এস।
সংবাদ নিয়ে লোকটি তাদের কাছে পৌঁছেছে - কিন্তু সে তো ফিরে আসছে না।
দ্বিতীয় ঘোড়াসওয়ার পাঠাও।
রাজা বলছেন: "আপনাদের আসবার উদ্দেশ্য ভাল তো?"
আমার আসবার উদ্দেশ্য দিয়ে তোমার দরকার কি? তুমি আমার পিছনে পিছনে এস।
সে তাদের কাছে গিয়ে পৌঁছেছে, কিন্তু সে-ও তো ফিরে আসছে না।
রথ চালানো দেখে মনে হচ্ছে নিম্শির নাতি যেহূ রথ চালাচ্ছে– সে পাগলের মতই রথ চালাচ্ছে।
আমার রথে ঘোড়া লাগাও।

২রাজাবলি ৯:১৪-২১


ইস্রায়েলের রাজা যোরাম ও যিহূদার রাজা অহসিয় নিজের নিজের রথে চড়ে বের হয়ে আসলেন এবং যিষ্রিয়েলীয় নাবোতের জমিতে যেহূর সংগে তাঁদের দেখা হল।
যেহূ, তোমার আসবার উদ্দেশ্য ভাল তো?
আপনার মা ঈষেবলের প্রতিমাপূজা ও যাদুবিদ্যার কাজ যখন এত বেশী করে চলছে - তখন আমার আসবার উদ্দেশ্য কেমন করে ভাল হতে পারে?
এ বিশ্বাসঘাতকতা, অহসিয়!
থাং
ওকে তুলে নিয়ে যিষ্রিয়েলীয় নাবোতের জমিতে ফেলে দাও
আহাবের বিরুদ্ধে সদাপ্রভুর ভবিষ্যদ্বাণী মনে রাখবে: “আমি সদাপ্রভু বলছি, গতকাল আমি নাবোত ও তার ছেলেদের রক্ত দেখেছি...আর এই জমির উপরেই তোমার কাছ থেকে নিশ্চয়ই আমি তার প্রতিশোধ নেব।”
তাহলে, তুমি এখন সদাপ্রভুর কথা অনুসারে, ওকে তুলে নিয়ে ঐ জমিতে ফেলে দাও।
২রাজাবলি ৯:২১-২৬


রাজা অহসিয়কেও মেরে ফেল!
অহসিয় আহত হন কিন্তু তিনি মগিদ্দোতে পালিয়ে গেলেন আর সেখানেই মারা গেলেন। তারপর তাকে যিরূশালেমে তার পূর্বপুরুষদের সাথে কবর দেয়া হয়।
এদিকে...রাণী ঈষেবল যেহূর সাথে দেখা করবার জন্য প্রস্তুত হলেন।
ওহে সিম্রির [১] মত খুনী, নিজের মনিবের হত্যাকারী! তোমার আসবার উদ্দেশ্য কি ভাল?
আমার পক্ষে কে আছে? কে আছে?
[১] সিম্রি ছিলেন একজন পূর্ববর্তী রাজা যিনি পূর্ববর্তী প্রায়শ্চিত্তস্বরূপ মাত্র সাতদিন শাসন করেছিলেন। ঈষেবল যেহূকে ঠাট্টা করে বলেছিল যে, তার রাজত্বকালও সংক্ষিপ্ত হবে।
২রাজাবলি ৯:২৭-৩২


ওকে নীচে ফেলে দাও!
আহ্!!
তোমরা ঐ অভিশপ্ত স্ত্রীলোকটিকে কবর দেবার ব্যবস্থা কর, কারণ সে একজন রাজকন্যা ছিল।


কিন্তু লোকেরা যখন তাঁকে কবর দেবার জন্য বাইরে গেল, তখন তাঁর মাথার খুলি, হাত ও পা ছাড়া আর কিছুই পেল না।
এমনকি কুকুররাও সেই হাত খাবে না যা এত খারাপ কাজ করেছিল।
স্ত্রীলোকটির আর কিছুই অবশিষ্ট নেই – কেবল তার হাত, পা এবং মাথার খুলি।
সদাপ্রভু নিজের দাস তিশ্‌বীয় এলিয়ের মধ্য দিয়ে ঠিক এই কথাই বলেছিলেন: যিষ্রিয়েলের জমিতে কুকুরেরা ঈষেবলের মাংস খাবে।
“সেই জমির মাটিতে ঈষেবলের দেহ এমন গোবর-সারের মত পড়ে থাকবে যে, কেউ চিনতে পারবে না, ‘ওটা ঈষেবলের দেহ।’”
২রাজাবলি ৯:৩৫-৩৭


শমরিয়াতে আহাবের সত্তরজন ছেলে ও নাতি ছিল।
যেহূ চিঠি লিখে শমরিয়াতে যিষ্রিয়েলের শাসনকর্তাদের, বৃদ্ধ নেতাদের এবং আহাবের বংশধরদের রক্ষকদের কাছে পাঠিয়ে দিলেন।
তিনি বলেছেন আমাদের কাছে মনিবের বংশধরেরা, রথ, ঘোড়া, দেয়াল-ঘেরা শহর আর অস্ত্রশস্ত্র আছে।
আমরা আপনার মনিবের সব চেয়ে ভাল ও যোগ্য ছেলেদের বেছে নেব এবং তাকে তার সিংহাসনে বসাবো - তারপর সিংহাসনের জন্য যুদ্ধ করুন।
দু'জন রাজা যখন যেহূর বিরুদ্ধে দাঁড়াতে পারলেন না, তখন আমরা কি করে পারব?
রাজবাড়ীর পরিচালক, শাসনকর্তা, বৃদ্ধ নেতারা এবং আহাবের বংশধরদের রক্ষকেরা এই কথা বলে পাঠালেন: "আমরা আপনার দাস। আপনি যা বলবেন আমরা তা-ই করব। আমরা কাউকেই রাজা করব না; আপনি যা ভাল মনে করেন তা-ই করুন।"
তাদের আমার কাছ থেকে দ্বিতীয় চিঠি পাঠান।
তিনি বলেছেন আমরা যদি তার পক্ষে থাকি তাহলে আহাবের ছেলেদের এবং নাতির মাথাগুলো কেটে নিয়ে আগামীকাল এই সময়ের মধ্যে যিষ্রিয়েলে তার কাছে চলে যেতে।
তারা রাজপুত্রদের মাথা নিয়ে এসেছে।
ওগুলো দু'টা গাদা করে শহর-ফটকে ঢুকবার পথে সকাল পর্যন্ত রেখে দাও।

২রাজাবলি ১০:১-৮


আপনাদের কোন দোষ নেই। আমিই আমার মনিবের বিরুদ্ধে ষড়যন্ত্র করে তাঁকে মেরে ফেলেছি, কিন্তু এদের সবাইকে মারল কে?
আপনারা জেনে রাখুন, আহাবের বংশের বিরুদ্ধে সদাপ্রভুর বলা একটা কথাও মিথ্যা হবে না।
সদাপ্রভু তাঁর দাস এলিয়ের মধ্য দিয়ে যা করবার কথা বলেছিলেন তা করেছেন।
পরে যেহূ যিষ্রিয়েলে আহাবের বংশের বাকী লোকদের, তাঁর সমস্ত গণ্যমান্য লোকদের, তাঁর বিশেষ বন্ধুদের এবং তাঁর পুরোহিতদের মেরে ফেললেন। তাঁদের আর কেউ বেঁচে রইলেন না।
না – আমি আর আহাবের সেবা করিনা – দয়াকরে আমার প্রাণ বাঁচান!
শমরিয়া যাওয়ার পথে তিনি অহসিয়ের আত্মীয়দের কাছে ছুটে গেলেন এবং তাদের তরবারী দিয়ে হত্যা করলেন।
তিনি সেখান থেকে চলে যাবার পর, তিনি যিহোনাদবের[১] কাছে আসেন, যিনি তার সংগে দেখা করতে যাচ্ছিলেন।
আমি যেমন আপনার পক্ষে আছি, তেমনি আপনিও কি আমার পক্ষে আছেন?
হ্যাঁ, আছি।
[১]যিহোনাদব একজন রেখবীয় ছিলেন এবং মোশীর কঠোর আইন-কানুন অনুসারে কঠোর জীবনযাপন করতেন।
যদি তা-ই হয় তবে আপনার হাত বাড়িয়ে দিন। আমার সংগে আসুন এবং সদাপ্রভুর জন্য আমার আগ্রহ কতখানি তা দেখুন।
এবং সেখান থেকে যেহূ শমরিয়ার উদ্দেশ্যে রওনা হন যেখানে তিনি আহাবের বংশের বাদবাকী সব লোকদের মেরে ফেলেন - সদাপ্রভু এলিয়কে যেমন বলেছিলেন সেই অনুসারেই।

২রাজাবলি ১০:৯-১৭


আহাব বাল দেবতার পূজা সামান্যই করেছেন; কিন্তু যেহূ তাঁর পূজা করবে অনেক বেশী।
এখন বাল দেবতার সব নবী, পূজাকারী ও পুরোহিতদের আপনারা ডেকে আনুন। দেখবেন যেন কেউ বাদ না পড়ে, কারণ বাল দেবতার উদ্দেশে আমি একটা মস্ত বড় পশুবলির ব্যবস্থা করতে যাচ্ছি।
বাল দেবতার উদ্দেশে একটা সভা ডাকা হোক – এতে কেউ যদি না আসে তবে তাকে মেরে ফেলা হবে।
তাতে বাল দেবতার সমস্ত পূজাকারীরা এসে হাজির হল – কেউই অনুপস্থিত রইল না। তারা বাল দেবতার মন্দিরে ভিড় করেছিল এবং যেহূ তাদের সবার জন্য পোশাক এনেছিল।
আপনারা ভাল করে খুঁজে দেখুন যাতে সদাপ্রভুর দাসদের মধ্যে কেউ এখানে আপনাদের মধ্যে না থাকে–শুধু বাল দেবতার পূজাকারীরাই থাকবে।
আমি তোমাদের হাতে যাদের ভার দিচ্ছি তাদের একজনকেও যদি কেউ পালিয়ে যেতে দেয়, তবে পালিয়ে যাওয়া লোকের প্রাণের বদলে তার প্রাণ যাবে।
২রাজাবলি ১০:১৮-২৪


তোমরা ভিতরে ঢুকে ওদের মেরে ফেল; একজনও যেন পালিয়ে যেতে না পারে।
যেহু আমাদের ধোঁকা দিয়েছে!


আমাদের রক্ষা কর, প্রভু বালদেব!!
আহ্!!
২রাজাবলি ১০:২৫


পাহারাদার ও সেনাপতিরা মৃতদেহগুলো মন্দিরের বাইরে ছুঁড়ে ফেলে দিয়ে ভিতরের ঘরে গেল।
বাল দেবতার মন্দির থেকে পূজার পাথরগুলো তারা বের করে এনে পুড়িয়ে দিল।
তারপর তারা বাল দেবতার পূজার পাথরটা চুরমার করে দিল এবং মন্দিরটা ভেংগে ফেলল, লোকেরা তখন থেকে আজ পর্যন্ত সেটাকে পায়খানা-ঘর হিসাবে ব্যবহার করে আসছে।
যদিও যেহূ ইস্রায়েলের মধ্যে বাল দেবতার পূজা বন্ধ করেছিলেন, কিন্তু যারবিয়াম ইস্রায়েলকে দিয়ে যে সব পাপ করিয়েছিলেন তা থেকে তিনি সরে আসেন নি–সেটা হল বৈথেল ও দানে সোনার বাছুরের পূজা করা।
কিন্তু যেহূ আহাবের বংশের প্রতি সদাপ্রভু যা চেয়েছিলেন তা সম্পন্ন করার জন্য সদাপ্রভু তাকে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, চতুর্থ পুরুষ পর্যন্ত তার বংশধরেরা ইস্রায়েলের সিংহাসনে বসতে পারবে।
সেই সময় থেকে সদাপ্রভু ইস্রায়েল দেশের সীমা ছোট করতে লাগলেন কারন সিরিয়া তাদের ভূখন্ডের বিভিন্ন অংশে ক্ষমতা দখল করতে শুরু করে।
যেহূ ২৮ বছর ইস্রায়েলে রাজত্ব করেছিলেন এবং তারপরে তিনি তাঁর পূর্বপুরুষদের সাথে বিশ্রাম নিয়েছিলেন।
২রাজাবলি ১০:২৫-৩৬


তার পুত্র অহসিয় মারা যাবার পর, অথলিয়া (আহাব ও ঈষেবলের মেয়ে) রাজপরিবারের বাকি সদস্যের মেরে ফেলার জন্য এগিয়ে যান যেন তিনি রাজত্ব করতে পারেন।
কিন্তু অহসিয়ের বোন যিহোশেবা যোয়াশ ও তাঁর ধাইমাকে মন্দিরের পুরোহিতদের একটি ঘরে লুকিয়ে রেখেছিলেন।
অথলিয়া ছয় বছর যিহূদা শাসন করেছিলেন, সেই সময় তিনি বালদেবের পূজা প্রতিষ্ঠা করেছিলেন।
আর যোয়াশ লুকিয়ে রইল।
সপ্তম বছরে পুরোহিত যিহোয়াদা রক্ষীদলের শত-সেনাপতিদের, ভাড়াটে সৈন্য এবং মন্দিরের রক্ষীদের একসঙ্গে নিয়ে আসেন।
তিনি সদাপ্রভুর ঘরে তাদের দিয়ে শপথ করিয়ে নিলেন।
সদাপ্রভু তাঁর প্রতিজ্ঞা অনুসারে দায়ূদের বংশ রক্ষা করেছেন।
এখানে রাজা অহসিয়ের ছেলে – যোয়াশ – তিনি রাণী অথলিয়ার ক্রোধপূর্ণ আচরণে মারা যায়নি।
২রাজাবলি ১১:১-৪


আপনারা যাঁরা বিশ্রামবারে কাজ করতে যাবেন–আপনাদের তিন ভাগের এক ভাগ রাজবাড়ী পাহারা দেবেন, এক ভাগ সূর-ফটকে থাকবেন, আর এক ভাগ উপাসনা-ঘরটি পাহারা দেবেন।
আপনাদের অন্য দু'টা দল যাঁরা বিশ্রামবারে ছুটি পাবেন, আপনাদের প্রত্যেককে নিজের নিজের অস্ত্র হাতে নিয়ে রাজার চারপাশ ঘিরে থাকতে হবে।
যে কেউ আপনাদের কাছে আসবে তাকে মেরে ফেলতে হবে।
রাজা যেখানেই যান না কেন আপনারা তাঁর কাছে কাছে থাকবেন।
পুরোহিত রাজার মাথায় মুকুটটি পরিয়ে দিয়েছিলেন এবং তাঁর হাতে মোশীর আইনের একটি বই দিয়েছিলেন – সদাপ্রভুর সাথে মানুষের যে চুক্তি ছিল।
রাজা চিরজীবী হোন!
দায়ূদের বংশের একজন রাজা!
রাণী অথলিয়া শব্দ শুনে বেরিয়ে এলেন।
এ তো বিশ্বাসঘাতকতা! বিশ্বাসঘাতকতা!
২রাজাবলি ১১:৫-১৪




২রাজাবলি-১১:১৫-২১


৮৩৬ খ্রীষ্টপূর্বাব্দে যোয়াশ রাজা হয়েছিলেন এবং যিহোয়াদা যতদিন তাকে পরামর্শ দিয়েছিলেন ততদিন তিনি ঠিক তা-ই করেছিলেন – শুধুমাত্র উপাসনার উঁচু স্থানগুলো ধ্বংস করা হয় নি যেখানে লোকেরা পশু উৎসর্গ করত ও ধূপ জ্বালাত।
তিনি পুরোহিতদের নির্দেশ দিয়েছিলেন…
প্রত্যেক পুরোহিত যেন তাঁর লোকদের কাছ থেকে টাকা নেন - তারপর উপাসনা-ঘরের ভাংগা জায়গার মেরামতের কাজে তা ব্যবহার করেন।
কিন্তু কয়েক বছর পরেও, মন্দিরের মেরামত এখনও হয়নি।
আপনারা উপাসনা-ঘরের ভাংগা জায়গার মেরামত করছেন না কেন?
আপনারা আপনাদের লোকদের কাছ থেকে টাকা নিয়ে আর নিজেদের কাছে রাখবেন না, বরং উপাসনা-ঘরের মেরামতের কাজে তা দিয়ে দেবেন।
আমরা লোকদের কাছ থেকে টাকা নিয়ে আর নিজেদের কাছে রাখব না এবং নিজেরা উপাসনা-ঘরের মেরামতের কাজও করব না।
তাই যিহোয়াদা একটা বাক্স নিয়ে তার ঢাকনিতে একটা ফুটা করলেন।
তিনি এটা সদাপ্রভুর ঘরে লোকদের প্রবেশ করার জায়গায় রাখলেন।
২রাজাবলি ১২:১-১০


এই সংগৃহীত টাকা থেকে সদাপ্রভুর ঘর মেরামতের জন্য লোক নিযোগ করা হয়েছিল।
প্রত্যেকেই সম্পূর্ণ সততার সাথে কাজ করেছে এবং কোন হিসাবের প্রয়োজন ছিল না।
যিহোয়াদা ১৩০ বছর বেঁচে ছিলেন এবং তার সমস্ত ভাল কাজের জন্য রাজার সাথে তাকে কবর দেয়া হয়েছিল।
কিন্তু তার মৃত্যুর পরপরই...
... যিহোয়াদার নিয়ম খুব কড়া ছিল।
তার পুরানো উপায়ে আমাদের আর আবদ্ধ করবেন না।
আসুন আমরা আশেরা – এবং বালদেবের কাছে ফিরে যাই।
তাঁদের এই পাপের জন্য ঈশ্বরের ক্রোধ যিহূদা ও যিরূশালেমের উপর নেমে আসল।
একজন মৃত মানুষ এবং সদাপ্রভু যাকে আমরা দেখতে পাইনা যথেষ্ট হয়েছে তাদের নিয়ম!
যদিও সদাপ্রভু লোকদের তাঁর কাছে ফিরিয়ে আনবার জন্য নবীদের পাঠালেন তবুও তারা শুনল না।




২রাজাবলি ১২:১৭-২০; ২বংশাবলি ২৪:১৫-২৭




২রাজাবলি ১২:২১-১৩:৯


যিহোয়াহসের ছেলে, যিহোয়াশ, রাজা হন এবং তিনি সোনার বাছুরের পূজার অনুমতি দিতে থাকেন।
রাজা ইলীশায় ভাববাদীকে দেখতে গেলেন, যিনি মৃত্যুর কাছাকাছি ছিলেন।
হে আমার পিতা! আমার পিতা! রথ আর ঘোড়সওয়ারদের মত আপনি ইস্রায়েলের রক্ষাকারী! [১]
আপনি তীর-ধনুক নিয়ে আসুন।
[১] রাজা স্বীকার করলেন যে, ইলীশায়ের মাধ্যমে সদাপ্রভু তার শত্রুদের বিরুদ্ধে ইস্রায়েলের প্রকৃত শক্তি এবং শক্তি ছিলেন।
আপনার হাতে ধনুক নিন।
পূর্ব দিকের জানলাটা খুলে দিন।
তীর ছুঁড়ুন!
এটা হল সদাপ্রভুর জয়লাভের তীর, অরামের উপরে জয়লাভের তীর! আপনি অফেকে অরামীয়দের হারিয়ে দিয়ে সম্পূর্ণভাবে ধ্বংস করে দেবেন।
২রাজাবলি ১৩:১০-১৭


আপনি তীরগুলো হাতে নিন।
মাটিতে আঘাত করুন।
কিন্তু রাজা মাত্র তিনবার মাটিতে আঘাত করলেন।
পাঁচ বা ছয়বার মাটিতে আঘাত করা আপনার উচিত ছিল; তাহলে আপনি অরামীয়দের সম্পূর্ণভাবে ধ্বংস করতে পারতেন।
কিন্তু এখন আপনি মাত্র তিনবার তাদের হারিয়ে দিতে পারবেন।
বিন্‌হদদ তার পিতা হসায়েলের জায়গায় অরামের রাজা হয়েছিলেন – কিন্তু রাজা যিহোয়াশের হাতে তিনি মাত্র তিনবার পরাজিত হয়েছিলেন, যদিও যিহোয়াশ শহরগুলি পুনরুদ্ধার করেছিলেন।






২রাজাবলি ১৩:২০-২১



অমৎসিয় তার বাবার উদাহরণ অনুসরণ করেছিলেন – তিনি এখনও মূর্তি পূজার স্থানগুলি সরাননি।
যারা তার বাবাকে হত্যা করেছিল তাদের তিনি মৃত্যুদন্ড দিয়েছিলেন।
এবং লবণ উপতক্যায় ইদোমের দশ হাজার লোককে পরাজিত করেছিল।
বিজয়ের সাথে উচ্ছ্বসিত হয়ে তিনি ইস্রায়েলের রাজা যিহোয়াশকে, একটি আহবান পাঠালেন।
অমৎসিয়কে এই কথা বল... লেবাননের এক শিয়ালকাঁটা লেবাননেরই এরস গাছের কাছে বলে পাঠাল, “আমার ছেলের সংগে আপনার মেয়ের বিয়ে দিন।”
তারপর লেবাননের একটা বুনো জন্তু এসে সেই শিয়ালকাঁটাকে পায়ে মাড়িয়ে দিল।


২রাজাবলি ১৪:১-৯


আমি তাকে আপনার এ কথা জানাব হে রাজা – ইদোমের উপর তার বিজয়ের গৌরব হোক কিন্তু নিজের ঘরে থাকুন এবং তার পতনের জন্য জিজ্ঞাসা করবেন না।
অমৎসিয় শুনতে অস্বীকার করেন এবং ইস্রায়েলের রাজার কাছে যুদ্ধে পরাজিত হন...
... যারা অরামের রাজার পূর্বের আক্রমণের পরেযে সামান্য স্বর্ণরেখেছিল তা নিয়ে গেল।
রাজা অমৎসিয় তখন তার নিজের লোকদের দ্বারা নিহত হন এবং তারা তার ষোল বছর বয়সের ছেলে অসরিয়কে (যাকে উষিয়ও বলা হয়) সিংহাসনে বসান।
২রাজাবলি ১৪:১০-২১


প্রায় ৭৮২ খ্রীষ্টপূর্বাব্দে যিহোয়াশের ছেলে দ্বিতীয় যারবিয়াম, ইস্রায়েলের রাজা হন।
তিনি ইস্রায়েলের ভৌগলিক সীমানা পুনরুদ্ধার করেছিলেন যেমন নবী যোনা ভবিষ্যদ্বাণী করেছিলেন।
কিন্তু হোশেয় এবং আমোষের বই যেমন প্রকাশ করে – ইস্রায়েলের লোকেরা তাদের শত্রুদের থেকে তাদের মুক্ত করার জন্য ঈশ্বরের অনুগ্রহে সাড়া দেয়নি।
দ্বিতীয় যারবিয়াম এবং লোকেরা সদাপ্রভুর চোখে যা মন্দ তা-ই করতেন।
তিনি সখরিয়ের মাধ্যমে সফল হন, যিনি মন্দ কাজও করেছিলেন – এবং মাত্র ছয় মাস রাজত্ব করেছিলেন।
তারপর শল্লুম, যিনি সম্ভ্রান্ত ছিলেন না, তিনি ইস্রায়েলের রাজা হয়েছিলেন কিন্তু তিনি মাত্র এক মাস রাজত্ব করেছিলেন।
মনহেম, যিনি সম্ভবত সৈন্যবাহিনীর সেনাপতি ছিলেন, তাঁকে মেরে ফেললেন এবং তাঁর জায়গায় রাজা হলেন।
মনহেম ছিল নির্মম।
যখন তিপ্‌সহ তাদের শহর-ফটক খুলে দিতে রাজী হয় নি, তখন তিনি শহরের সমস্ত গর্ভবতী স্ত্রীলোকদের পেট চিরে দিয়েছিলেন – সম্ভবত একটি স্মৃতিচিহ্ন হিসেবে তারা তার কাছে শহরটি খোলেনি।
২রাজাবলি ১৪:২৩-১৫:১৬




২রাজাবলি ১৫:১৯-৩১


যতদিন তিগ্লৎ-পিলেষর সিংহাসনে ছিলেন, হোশেয় বাধ্য ছিলেন; কিন্তু যখন শলমনেষর পঞ্চম তাঁর পিতার জায়গায় রাজা হন, তখন হোশেয় তার স্বাধীনতা ফিরে পাবার চেষ্টা করেন এবং মিসরের সাথে আলোচনা শুরু করেন।
মিসর থেকে তার সাহায্য পাবার আশার উপর ভিত্তি করে, তিনি কর দেয়া বন্ধ করেছিলেন।
এরপর শলমনেষর ইস্রায়েলের রাজধানী শমরিয়াকে তিন বছর ঘেরাও করে রাখলেন।
একবার বিজয়ী হবার পর, আসিরিয়ার রাজা হোশেয়কে কারাগারে বন্দী করে এবং ইস্রায়েলীয়দের বন্দী করে আসিরিয়াতে নিয়ে গেলেন।
নতুন আসিরিয়ার রাজা, দ্বিতীয় সর্গোন, আসিরিয়ার দ্বারা জয়প্রাপ্ত অন্যান্য জায়গা থেকে ভিন্নদেশের লোকদের নিয়ে এসেছিলেন।
কিন্তু এই নতুন লোকেরা সদাপ্রভুর উপাসনা করেনি, তাই তিনি সিংহ পাঠিয়েছিলেন যা তাদের কিছু লোককে মেরে ফেলেছিল।
এই কথা রাজা সর্গোনের কাছে পৌঁছে গেল।
২রাজাবলি ১৭:১-৬, ২৪-২৬


কারণ যে সমস্ত লোকদের আপনি বন্দী করে শমরিয়ায় বাস করবার জন্য পাঠিয়ে দিয়েছেন তারা জানে না সেই দেশের ঈশ্বরকে কিভাবে সন্তুষ্ট করতে হয়, তাই তিনি তাদের মেরে ফেলার জন্য সিংহ পাঠিয়ে দিয়েছেন।
যে সব পুরোহিতদের আপনারা শমরিয়া থেকে বন্দী করে এনেছিলেন তাদের মধ্য থেকে একজনকে আপনারা সেখানে পাঠিয়ে দিন যাতে সে সেখানে গিয়ে বাস করে এবং সেই দেশের ঈশ্বরকে কিভাবে সন্তুষ্ট করতে হয় তা তাদের শিক্ষা দেয়।
তখন শমরিয়া থেকে নিয়ে যাওয়া পুরোহিতদের মধ্য থেকে একজন গিয়ে বৈথেলে বাস করতে লাগলেন এবং তিনিই তাদের শিক্ষা দিলেন কিভাবে সদাপ্রভুর উপাসনা করতে হয়।
তবুও প্রত্যেক জাতির লোকেরা নিজের নিজের দেবতা তৈরী করে নিল এবং শমরিয়ার লোকদের তৈরী করা পূজার উঁচু স্থানগুলোর বিভিন্ন মন্দিরে সেগুলো রাখল।
বাবিলের লোকেরা, পাতালের অধিপতি নের্গলের পূজা করত, এবং সফর্বীয়েরা তাদের দেবতাদের উদ্দেশে তাদের নিজেদের ছেলেমেয়েদের আগুনে পুড়িয়ে উৎসর্গ দেয়।
২রাজাবলি ১৭:২৬-৩৩
তারা সদাপ্রভুর উপাসনা করত, কিন্তু সেই সংগে তাদের দেশের নিয়ম অনুসারে তারা নিজের নিজের দেবতারও পূজা করত।


এই সব ঘটেছিল কারণ যিনি মিসর থেকে মিসরের রাজা ফরৌণের অধীনতা থেকে তাদের বের করে এনেছিলেন ইস্রায়েলীয়েরা তাদের সেই ঈশ্বর সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করেছিল।
তারা দেব-দেবতার পূজা করত এবং যে সব জাতিকে সদাপ্রভু তাদের সামনে থেকে তাড়িয়ে দিয়েছিলেন তাদের মত চলাফেরা করত - এছাড়া ইস্রায়েলের রাজারা যে সব রীতিনীতি চালু করেছিলেন তারা সেইভাবেই চলত।
তারা গোপনে সদাপ্রভুর বিরুদ্ধে অনেক খারাপ কাজ করেছিল যা সঠিক ছিল না – পূজার পাথর ও আশেরা-খুঁটি স্থাপন করেছিল।
যে সব জাতিকে সদাপ্রভু তাদের সামনে থেকে তাড়িয়ে দিয়েছিলেন তাদের মত করে তারাও প্রত্যেকটা পূজার উঁচু স্থানে ধূপ জ্বালিয়েছিল – এবং এটি সদাপ্রভুকে অসন্তুষ্ট করে তুলেছিল।
তারা তার সব নিয়ম এবং তাদের কাছে তাঁর দেওয়া সাবধান বাণী মানতে অস্বীকার করেছিল।
তারা অসার মূর্তির পূজা করে নিজেরাও অসার হয়ে পড়েছিল।
কাজেই, ইস্রায়েলের লোকদের উপর সদাপ্রভু ভীষণ অসন্তুষ্ট হয়ে তাঁর সামনে থেকে তাঁদের দূর করে দিলেন।
বাকী ছিল কেবল যিহূদা-গোষ্ঠী - এমনকি যিহূদা-গোষ্ঠীও তাদের ঈশ্বর সদাপ্রভুর আদেশ পালন করেন নি।
২রাজাবলি ১৭:৭-২০


দ্বিতীয় যারবিয়াম ইস্রায়েলের রাজা থাকাকালীন, অমৎসিয়ের ছেলে, অসরিয় (যাকে উষিয়ও বলা হয়), যিহূদার রাজা হন।
যখন তিনি রাজা হলেন, তিনি তাঁর বাবার মতই, সদাপ্রভুর চোখে যা ভাল তা-ই করছিলেন।
তিনি সখরিয়ের সময়কালে ঈশ্বরের সেবা করেছিলেন,যিনি তাকে ঈশ্বরকে ভয় করতে উপদেশ দিতেন।
যতদিন তিনি সদাপ্রভুর ইচ্ছামত চলেছিলেন, ততদিন ঈশ্বরও তাঁকে সফলতা দান করেছিলেন।
উষিয়ের একটা দক্ষ সৈন্যদল ছিল এবং তারা এমন যন্ত্র আবিষ্কার করেছিল যাতে সৈন্যরা তীর ছুঁড়তে পারে এবং দেয়াল থেকে বড় পাথর নিক্ষেপ করতে পারে।
উষিয় শক্তিশালী হয়ে উঠলে পর, তাঁর মনে অহংকার আসল এবং তাতে তাঁর পতন হল।
তিনি ধূপ-বেদীতে ধূপ জ্বালাবার জন্য সদাপ্রভুর ঘরে ঢুকেঈশ্বর সদাপ্রভুর বিরুদ্ধে পাপ করলেন।
অসরিয় এবং আশিজন সাহসী পুরোহিত তাঁর মুখোমুখি হলেন।
উষিয়, সদাপ্রভুর উদ্দেশে ধূপ জ্বালাবার অধিকার আপনার নেই।

২বংশাবলি ২৬:১-১৭




২বংশাবলি ২৬:১৭-২১


যোথমের মৃত্যুর পর, তাঁর ছেলে আহস রাজা হয়েছিলেন, কিন্তু তিনি খুব খারাপ কাজ করেছিলেন – এমনকি নিজের ছেলেকেও আগুনে পুড়িয়ে উৎসর্গ করেছিলেন।
ওয়াহাহ্!!!
অরাম ও ইস্রায়েলের রাজারা যখন তাকে আক্রমণ করে, তখন সে সদাপ্রভুর ঘরের অবশিষ্ট সোনা ও রূপা নিয়ে আসিরিয়ার রাজাকে দিয়েছিলেন যাতে তিনি তাকে উদ্ধার করেন।
রাজা আহস যিরূশালেমে মূর্তিপূজা প্রথা নিয়ে এসেছিলেন – এমনকি মহাযাজক আসিরিয়া থেকে পাঠানো একটি বেদীর নকশা থেকে একই রকম আরেকটি বেদী তৈরি করেছিলেন যা ঈশ্বরের মোশীকে দেয়া বেদীর সাথে প্রতিস্থাপন করা হয়েছিল।
তিনি মন্দিরে পরিবর্তন আনেন এবং ধর্মীয় আচারের মাধ্যমে পৌত্তলিক ভবিষ্যদ্বাণী অনুশীলন করেন।



আহসের মৃত্যুর পর, তার ছেলে হিষ্কিয় রাজত্ব করতে শুরু করেন।
তিনি সদাপ্রভুর উপরে নির্ভর করতেন এবং আশেরা-খুঁটিগুলো কেটে ফেললেন।
মোশির তৈরী ব্রোঞ্জের সাপটা তিনি ভেংগে টুকরা টুকরা করলেন।
এটিকে নহুষ্টন বলা হত এবং লোকেরা এটির পূজা করত।
তিনি যে কোন কাজ করতেন তাতে সফল হতেন কারণ সদাপ্রভু তাঁর সংগে সংগে থাকতেন।
চৌদ্দ বছরের সময়, আসিরিয়ার রাজা সন্হেরীব যিহূদার সমস্ত দেয়াল-ঘেরা শহরগুলো আক্রমণ করে।
হিষ্কিয় তাকে শ্রদ্ধার চিহ্নস্বরূপ যা চাইবে তা দেবার প্রতিজ্ঞা করেছিলেন...
...১১ টন রূপা এবং ১ টন সোনা - রাজকোষের সমস্ত টাকা। এমনকি তিনি সদাপ্রভুর ঘরের দরজার চৌকাঠ থেকে সোনা খুলে নিয়ে আসিরিয়ার রাজাকে দিয়েছিলেন।
২রাজাবলি ১৮:১-১৬


যখন হিষ্কিয় আসিরিয়ার বিরুদ্ধে বিদ্রোহ করেছিলেন, তখন আসিরিয়ার রাজা তার শীর্ষ সেনাপতিদের মস্ত বড় এক দল সৈন্য দিয়ে যিরূশালেমে পাঠিয়ে দিলেন।
হিষ্কিয়ের কর্মকর্তারা তাদের সাথে দেখা করতে বেরিয়েছিলেন।
হিষ্কিয়কে এই কথা বলুন আমাদের রাজা জিজ্ঞাসা করেছে, “তুমি কিসের উপর নির্ভর করছ?”
“বল দেখি, তুমি কার উপর নির্ভর করে আমার বিরুদ্ধে বিদ্রোহ করছ?”
তুমি কি মিশরের উপর নির্ভর করছ – যে সেই থেঁৎলে যাওয়া নলের উপর নির্ভর করবে তা তার হাত ফুটা করে দেবে?
অথবা আপনাদের ঈশ্বর সদাপ্রভু – যাঁর পূজার উঁচু স্থান ও বেদীগুলো হিষ্কিয় ধ্বংস করেছে?[১]
[১] সদাপ্রভুর এই বেদীগুলো হিষ্কিয় ভেঙ্গে দেয়নি - কিন্তু বাল ও আশেরার মিথ্যা দেবতাদের উচ্চস্থান ছিল।
আমার মনিবের সংগে এই বাজি ধরুন: আমি আপনাকে দুই হাজার ঘোড়া দেব– যদি আপনি তাতে চড়বার জন্য লোক দিতে পারেন!
আপনি আমাদের কর্মচারীদের মধ্যে যে সবচেয়ে ছোট তাকেই পরাজিত করতে পারবেন না – এবং আপনি মিসরের সাহায্য আশা করেন?
২রাজাবলি ১৮:১৭-২৪


তাছাড়া, এই দেশের বিরুদ্ধে যুদ্ধ করে তা ধ্বংস করে ফেলতে সদাপ্রভু নিজেই আমাকে বলেছেন।
আপনার দাসদের কাছে আপনি দয়া করে অরামীয় ভাষায় কথা বলুন, কারণ আমরা তা বুঝতে পারি।
লোকদের সামনে আপনি আমাদের সংগে ইব্রীয় ভাষায় কথা বলবেন না।
এই কথাটি কেবল আপনাদের মনিবের জন্য নয়, আপনাদের লোকদের জন্যও – যাদের আপনাদেরই মত নিজের নিজের পায়খানা ও প্রস্রাব খেতে হবে তাদের কাছেও কি বলে পাঠান নি?
তোমরা মহান রাজার, অর্থাৎ আসিরিয়ার রাজার কথা শোন!
রাজা সন্‌হেরীব বলছেন, “তোমরা আমার সংগে সন্ধি কর এবং বের হয়ে আমার কাছে এস।”
“তোমরা তোমাদের নিজের আংগুর ও ডুমুর গাছ থেকে ফল আর নিজের কূয়া থেকে জল খেতে পারবে যতক্ষণ না আমি এসে তোমাদের নিজের দেশের মত আর এক দেশে তোমাদের নিয়ে যাব।”
“তোমরা যদি আমার কথামত কাজ কর তাহলে তোমরা মরবে না বরং বাঁচবে!”


হিষ্কিয় যখন বলে যে, “সদাপ্রভু আমাদের রক্ষা করবেন” তখন সে তোমাদের বিপথে চালাচ্ছে।
কোন দেবতা কি আসিরিয়ার থেকে তার দেশ রক্ষা করতে পেরেছে?
সেনাধ্যক্ষ সন্‌হেরীব এর কাছ থেকে এই কথাগুলো বলেছিলেন।
এই বার্তাটি নিয়ে যিশাইয়ের কাছে যান: “আজকের দিনটা হল কষ্টের...আমাদের অবস্থা এমন হয়েছে যেন সন্তানেরা জন্ম হবার মুখে এসেছে কিন্তু জন্ম দেবার শক্তি নেই।”
শান্তিতে থাকুন
চট ছিঁড়ে ফেলা ছিল বড় কষ্ট ও শোকের লক্ষণ।
এটা হতে পারে যে সদাপ্রভু জীবন্ত ঈশ্বরকে ঠাট্টা-বিদ্রুপ করার জন্য এই রাজার পাঠানো সব কথা শুনবেন - এবং তাকে শাস্তি দেবেন।
অতএব - যারা এখনও বেঁচে আছে তাদের জন্য প্রার্থনা করুন।
২রাজাবলি ১৮:৩২-১৯:৪



সদাপ্রভু বলছেন অসূরিয়ার রাজার কর্মচারীরা আমার বিরুদ্ধে যে সব অপমানের কথা বলেছে তাতে তুমি ভয় পেয়ো না।
যখন সে একটা নির্দিষ্ট সংবাদ শুনবে, সে তার নিজের দেশে ফিরে যাবে - এবং সেখানে আমি তাকে তলোয়ারের ঘায়ে শেষ করে দেব।
সন্হেরীব আরেকটি বার্তা পাঠালেন...
তুমি শুনেছ আমি অন্য সব দেশের সাথে কি করেছি – সেই রাজারা এখন কোথায়?
তুমি যাঁর উপর নির্ভর করে আছ সেই ঈশ্বর যখন বলেছেন যে আমার হাতে যিরূশালেমকে তুলে দেওয়া হবে না তাঁর সেই ছলনার কথায় তুমি ভুল কোরো না।
দুই করূবের মাঝখানে থাকা হে ইস্রায়েলের ঈশ্বর সদাপ্রভু, তুমি, একমাত্র তুমিই পৃথিবীর সমস্ত রাজ্যের ঈশ্বর।
হে সদাপ্রভু, কান দাও, শোন; হে সদাপ্রভু, তোমার চোখ খোল, দেখ; জীবন্ত ঈশ্বরকে অপমান করবার জন্য সন্হেরীব যে কথা বলে পাঠিয়েছে তা শোন।
হে সদাপ্রভু, এই কথা সত্যি যে, অসূরীয়ার রাজারা এই সব জাতি ধ্বংস করেছে।
এখন হে আমাদের ঈশ্বর সদাপ্রভু, অসূরীয় রাজার হাত থেকে তুমি আমাদের রক্ষা কর যাতে পৃথিবীর সমস্ত রাজ্য জানতে পারে যে, তুমিই, হে সদাপ্রভু, কেবল তুমিই ঈশ্বর।
২রাজাবলি ১৯:৫-১৬


যিশাইয় হিষ্কিয়ের কাছে সদাপ্রভুর বার্তা পাঠিয়েছিলেন।
"সন্হেরীব সম্বন্ধে তোমার প্রার্থনা আমি শুনেছি।"
"এই কথা সদাপ্রভু তাঁর বিরুদ্ধে বলছেন,"
"তুমি ইস্রায়েলের পবিত্রজনকে উপহাস ও নিন্দা করেছ!"
"অনেক আগেই আমি এটি ঠিক করে রেখেছিলাম - সেইজন্যই তো তুমি দেয়াল-ঘেরা শহরগুলো পাথরের ঢিবি করতে পেরেছ।"
"কিন্তু তুমি কোথায় থাক আর কখন আস বা যাও...তোমার দেমাকের কথা আমার কানে এসেছে...আর যে পথ দিয়ে তুমি এসেছ সেই পথেই ফিরে যেতে আমি তোমাকে বাধ্য করব।"
"বেঁচে থাকা লোকেরা যিরূশালেম থেকে আসবে।"
"সদাপ্রভুর আগ্রহই এই সমস্ত করবে।"
"অসূরীয়ের রাজা এই শহরে ঢুকবে না – সে যে পথ দিয়ে এসেছে সেই পথেই সে ফিরে যাবে।"
"আমি আমার ও আমার দাস দায়ূদের জন্য এই শহরটা ঘিরে রেখে তা রক্ষা করব।"
২রাজাবলি ১৯:২০-৩৪



সেই রাতে সদাপ্রভুর দূত আসিরিয়দের ছাউনির এক লক্ষ পঁচাশি হাজার লোককে মেরে ফেললেন।
পরদিন সকালবেলা লোকেরা যখন উঠল–দেখা গেল সেখানে সব জায়গায় কেবল মৃতদেহ।
কাজেই, সন্‌হেরীব তাঁর সৈন্যদল নিয়ে নীনবী শহরে ফিরে গেলেন।
একদিন যখন সন্‌হেরীব তাঁর দেবতা নিষ্রোকের মন্দিরে পূজা করছিলেন তখন অদ্রম্মেলক ও শরেৎসর নামে তাঁর দুই ছেলে তাঁকে তলোয়ারের ঘায়ে মেরে ফেললেন।
তারা অরারট দেশে পালিয়ে যায় এবং সন্‌হেরীবের ছেলে এসর-হদ্দোন তাঁর জায়গায় রাজা হলেন।


যখন হিষ্কিয় অসুস্থ হয়ে পড়েন তখন ভাববাদী যিশাইয় তাঁর কাছে আসেন।
সদাপ্রভু বলছেন যে: "আপনি যেন আপনার ঘরের ব্যবস্থা করে রাখেন, কারণ আপনি মারা যাবেন; ভাল হবেন না।"
হে সদাপ্রভু, তুমি মনে করে দেখ, আমি তোমার সামনে কেমন বিশ্বস্তভাবে ও সমস্ত অন্তরের ভক্তি দিয়ে চলাফেরা করেছি এবং তোমার চোখে যা ঠিক তা করেছি।
যিশাইয় রাজবাড়ীর মাঝখানের উঠান পার হয়ে যেতে না যেতেই, সদাপ্রভুর তাঁর সাথে কথা বলেছিলেন।
তুমি ফিরে গিয়ে হিষ্কিয়কে বল যে, "আমি তোমার প্রার্থনা শুনেছি ও তোমার চোখের জল দেখেছি। আমি তোমাকে সুস্থ করব এবং এখন থেকে তিন দিনের দিন তুমি সদাপ্রভুর ঘরে যাবে।"
সদাপ্রভু বলেছেন, "তোমার আয়ু আমি আরও পনেরো বছর বাড়িয়ে দিলাম। আর আসিরিয়ার রাজার হাত থেকে আমি তোমাকে ও এই শহরকে উদ্ধার করব।"
"আমার জন্য ও আমার দাস দায়ূদের জন্য আমি এই শহরকে রক্ষা করব।"


২রাজাবলি ২০:১-৬

"THE BIBLE EXPLAINED IN EVERY LANGUAGE."





SUPERBIBLE.TV